# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**06 JANUARY 2025 7:45—7:55**

---

১) বিকাশের অনুরূপ গতি আব্যাহত থাকলে আসাম দেশের শীর্ষ ৫ টি রাজ্যের তালিকায় স্থান লাভ করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

২) পরীক্ষার্থীদের মানসিক চাপ নিয়ন্ত্রনের জন্য সিবিএসই-র শিক্ষার্থীদের মনোস্তাত্বিক সামাজিক পরামর্শ প্রদানে সহায়তার জন্য ব্যবস্থা আরম্ভ।

৩) সুপ্রীম কোর্ট কেন্দ্রীয় সরকার ও ভবিষ্য নিধি সংস্থা ই পি এফ অ কে আগামী চার মাসের মধ্যে ইপিএফএসের অধীনে বেতন সীমা সংশোধন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করার নির্দেশ ।

এবং

৪) সর্বভারতীয় ব্যাঘ্র গণনা প্রক্রিয়া ২০২৬ এর অংশ হিসেবে মানস জাতীয় উদ্যানে বাঘ গণনা প্রক্রিয়া অব্যাহত ।

---

বিগত কয়েকবছরে রাজ্যে কৃষি । উদ্যমিতা ও সমাজ কল্যাণের প্রতিটি ক্ষেত্রে যথেষ্ট বিকাশ সাধন হয়েছে ও এই বিকাশের গতি ১০ বছর পর্যন্ত অব্যাহত থাকলে আসাম দেশের শীর্ষ ৫ টি রাজ্যের তালিকায় স্থান লাভ করবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রকাশ করেছেন ।আজ গোলাঘাট জেলার বোকাখাত বিধানসভা কেন্দ্রের বেশ কয়েকটি উন্নয়নমুলক প্রকল্পের উদ্ভোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করা সহ মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীন মহিলাদের মধ্যে চেক বিতরণ করে মুখ্যমন্ত্রী একথা বলেন ।

বাইট ----- সি এম

তিনি আত্মসহায়ক গোষ্ঠীর ২৭ হাজার ১৬৬ জন মহিলার মধ্যে মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযানের অধীনে ১০ হাজার টাকা করে চেক বিতরণ করেন । তিনি বলেন গ্রামীন অর্থনীতি শক্তিশালী করাই রাজ্যসরকারের মূল লক্ষ্য ।অনুষ্ঠানে মন্ত্রী অতুল বরা , অজন্তা নেওগ , সাংসদ কামাখ্যা প্রসাদ তাসা প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------------

পরীক্ষার সময় পরীক্ষার্থীদের মানসিক চাপ যাতে নিয়ন্ত্রণ করা যায় তার জন্য কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদ সি বি এস ই শিক্ষার্থীদের জন্য মনোবৈজ্ঞানিক পরামর্শ সহায়তার ব্যবস্থা আরম্ভ করেছে ।দশম এবং দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের এই ব্যবস্থার অধীনে আগামী পয়লা জুন পর্যন্ত বিনামূল্যে পরামর্শ প্রদান করা হবে ।এই কার্যসূচীর মূল উদ্দেশ্য হচ্ছে পরীক্ষার সময় মানসিক চাপ নিয়ন্ত্রণ করে আত্মবিশ্বাসের সাহায্যে পরীক্ষায় অবতীর্ণ হওয়ার জন্য শিক্ষার্থীদেরকে প্রস্তুত করে তোলা ।শিক্ষার্থীরা শুল্কবিহীন নম্বর ১৮০০১-১৮০০৪ এ ফোন করে হিন্দী এবং ইংরেজীতে ২৪ ঘন্টা এই সহায়তা লাভ করতে পারবে । এই ব্যবস্থার মাধ্যমে শিক্ষার্থীরা কিভাবে চাপমুক্ত হয়ে পরীক্ষার প্রস্তুতি চালাতে পারে সেই সম্পর্কে পরামর্শ লাভ করবে । এছাড়া সি বি এস ই’র সঙ্গে জড়িত গুরুত্বপূর্ণ তথ্যের বিষয়ে জানতে পারবে । সি বি এস ই অনুমোদিত স্কুলের অধ্যক্ষ , পরামর্শদাতা , বিশেষ শিক্ষক এবং যোগ্য মনোবিজ্ঞানীদের দ্বারা গঠন করা ৭৩ সদস্যের প্রতিনিধিরা শিক্ষার্থী এবং অভিভাবকদের গুরুত্বপূর্ণ পরামর্শ প্রদান করবেন ।এদের মধ্যে ৬১ জন পরামর্শদাতা ভারতের এবং অন্য ১২ জন নেপাল , জাপান , কাতার এবং সংযুক্ত আরব আমিরশাহির বিশেষজ্ঞ পরামর্শদাতা ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী অন্ধ্রপ্রদেশের বিশাখ শোধনাগারে হিন্দুস্থান পেট্রলিয়াম কর্পোরেশন লিমিটেড ( এইচ পি সি এল ) এর উন্নীতকরণের সুবিধার সফল সংযোজনের প্রশংশা করেন । কেন্দ্রীয় পেট্রলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরীর একটি পোষ্ট সামাজিক মাধ্যমে শেয়ার করে প্রধানমন্ত্রী বলেন যে এই অত্যাধুনিক সুবিধা আত্মনির্ভর ভারতের দৃষ্টিভঙ্গীর সঙ্গে সঙ্গতি রেখে দেশ শক্তি ক্ষেত্রে আত্মনির্ভশীল হওয়ার প্রয়াসে গতি প্রদান করেছে । তিনি বলেন যে শক্তি সুরক্ষা এবং আত্মনির্ভরশীলতার পথে ভারতের এই যাত্রা এক নির্ণায়ক ভূমিকা গ্রহণ করবে ।

---------------------------------------------------------------------------------------

সুপ্রীম কোর্ট কেন্দ্রীয় সরকার ও কর্মচারী ভবিষ্য নিধি সংস্থা ই পি এফ অ কে আগামী চার মাসের মধ্যে কর্ম চারী ভবিষ্য নিধি যোজনা ই পি এফ এসের অধীনে বেতন সীমা সংশোধন সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করতে নির্দেশ দিয়েছে । গত ১১ বছর থেকে কর্মচারীদের বেতন অপরিবর্তিত রয়েছে । বিচারপতি জে কে মাহেশ্বরী ও অতুল এস সন্দুরকারকে নিয়ে গঠিত এক বিচারপীঠ একটি জন স্বার্থজনিত আবেদনের শুনানি গ্রহণ করে এই নির্দেশ জারি করে । উল্লেখ্য বেতনের সবোচ্চ সীমার কোনো পরিবর্তন না করার ফলে শ্রমিকদের একটি বৃহৎ অংশ ই পি এফ ওর বাইরে রয়ে গেছে । সামাজিক কল্যাণ প্রকল্প ই পি এফ এসের উদ্দেশ্যে হচ্ছে সংগঠিত ক্ষেত্রের কর্মচারীদের সামাজিক সুরক্ষা প্রদান করা । সংবিধানের ৩২ নম্বর দফার অধীনে দাখিল করা এই গন আবেদনের মাধ্যমে প্রতিমাসে ১৫ হাজার টাকার সবোচ্চ বেতন পক্ষপাতমূলক ও অযুক্তিকর বলে বলা হয়েছে । বেতন বৃদ্ধি সহ মুদ্রাস্ফীতি , নূন্যতম বেতন বা প্রত্যেক ব্যাক্তির আয় বৃদ্ধির সংগে কোনো সম্পর্ক নেই বলে আবেদনে যুক্তি দেওয়া হয়েছে ।

---

বিভাগীয় নির্দেশ অমান্য করার জন্য কামরূপ মহানগর জেলার বিদ্যালয় সমুহের পরিদর্শক দিপীকা চৌধুরী জেলার ৩৮ জন অধ্যক্ষ এবং প্রধান শিক্ষককে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে । এই নির্দেশে অধ্যক্ষ , প্রধান শিক্ষকদের দুদিনের মধ্যে লিখিতভাবে কারণ দর্শাতে বলা হয়েছে । উল্লেখ্য গত পয়লা জানুয়ারী উলুবারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রেক্ষাগৃহে এক গুরুত্বপূর্ণ সভার আয়োজন করা হয়েছিল । এই সভায় শিক্ষাপ্রতিষ্ঠান সমুহের অধ্যক্ষ এবং প্রধানশিক্ষককে উপস্থিত থাকতে বিভাগীয় নির্দেশ প্রদান করা হয়েছিল । এই নির্দেশের পর ৩৮ জন অধ্যক্ষ এবং প্রধান শিক্ষক সভায় অনুপস্থিত ছিলেন । অনুমতিবিহীনভাবে ৩৮ জন অধ্যক্ষ এবং প্রধানশিক্ষক অনুপস্থিত থাকার বিষয়টি জানতে পেরে বিদ্যালয় সমুহের পরিদর্শক শ্রীমতি চৌধুরী তাঁদেরকে কারণ দর্শানোর নোটিশ জারি করে দুদিনের মধ্যে অর্থাৎ ৮ জানুয়ারীর মধ্যে লিখিত উত্তর দাখিল করার নির্দেশ দিয়েছেন ।

---

সর্বভারতীয় ব্যাঘ্র গণনা প্রক্রিয়া ২০২৬ এর অংশ হিসেবে মানস জাতীয় উদ্যানে ও ব্যাঘ্র গণনা প্রক্রিয়া চলছে । গত মাসের শেষ থেকে আরম্ভ হোয়া ব্যাগ্র গণনা প্রক্রিয়া এমাসের শেষ পর্যন্ত একমাসব্যাপী চলবে । মানস জাতীয় উদ্যান তথা ব্যাঘ্র প্রকল্পের বাহবারী , ভুইয়াপারা , পানবারী ও কুকলুঙ সহ মোট চারটি সংমন্ডলে বিভাগীয় লোকেদের তত্বাবধানে ট্রেপিং ক্যামেরা স্থাপন করে বাঘ গণনা প্রক্রিয়া অব্যাহত

রয়েছে । এই গণনা প্রক্রিয়ার পর মানস জাতীয় উদ্যান তথা ব্যাঘ্র প্রকল্পে বাঘের সংখ্যা চলতি বছরে কতটুকু বৃদ্ধি পেয়েছে সেই তথ্য প্রকাশ হবে । উদ্যান কতৃপক্ষের প্রকাশ করা তথ্য অনুযায়ী মানস ব্যাঘ্র প্রকল্পে বাঘ গণনার জন্য মোট ৪০০ টি ক্যামেরা স্থাপন করা হয়েছে ও আগের তুলনায় বাঘের সংখ্যা বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

বিগত প্রায় এক সপ্তাহ ধরে রাজ্যের বিভিন্ন প্রান্ত সহ বরাক উপত্যকার তিন জেলা শীতের কবলে পড়ায় জনজীবন ব্যহত হচ্ছে । গতকাল পুরো দিন ঘন কুয়াশায় আচ্ছাদিত থাকার ফলে দৃশ্যমান্যতা হ্রাস পায় । বরঝার আবহাওয়া বিজ্ঞান কেন্দ্রের সূত্রে জানানো হয়েছে যে আগামী সাতদিন গুয়াহাটী সহ পার্শ্ববর্তী এলাকায় সর্বনিম্ন তাপমাত্রা ১২ ডিগ্রী সেলসিয়াসে হ্রাস পাবে ।আজ শিলচরের সর্বোচ্চ তাপমাত্রা ২২ ডিগ্রী এবং সর্বনিম্ন ১২ ডিগ্রী সেলসিয়াস । এদিকে ঘন কুয়াশার জন্য বিগত ২৪ ঘন্টায় দেশের বিমান সেবা এবং রেল সেবাও বিঘ্নিত হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস আজ গ্রাম পঞ্চায়েত প্রতিনিধি ও তিন মন্ডলের দলীয় কর্মকর্তাদের সঙ্গে নিয়ে ধলাই বাজারের জনসাধারন ও ব্যবসায়ীদের সঙ্গে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা বিনিময় করেন ও পদযাত্রায় অংশ নিয়েছেন । ধলাই-নরসিংপুর মন্ডল কার্য্যলয় থেকে দলীয় কর্মকর্তাদের সঙ্গে নিয়ে তিনি ধলাই বাজার এলাকা ঘুরে দেখেন ও স্থানীয় বাসিন্দাদের সঙ্গে মত বিনিময় করেন । বিধায়ক শ্রীদাসের সঙ্গে তিন মন্ডল উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার জনস্বাস্থ্য ও কারিগরী বিভাগের বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে লঙ্গাই জল সরবরাহ প্রকল্পে কিছু যান্ত্রিক গোলযোগ দেখা দেওয়ায় মেরামতির কাজ চলছে । এই মেরামতি কাজের জন্য আজ থেকে আগামী ৯ই জানুয়ারী পর্য্যন্ত শ্রীভূমি শহরে জল সরবরাহ অনিয়মিত থাকবে । মেরামতির কাজ সম্পূর্ন হওয়ার পর জল সরবরাহ পুনরায় নিয়মিত করা হবে বলে বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা কৃষি বিভাগের উদ্যোগে আজ শ্রীভূমির জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে এগ্রিস্টেকের অধীন কৃষক রেজিষ্ট্রি কাজকর্মের অগ্রগতি নিয়ে একটি পর্য্যালোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে আয়োজিত সভায় কৃষকদের নিবন্ধন প্রক্রিয়া , তথ্যের নির্ভুলতা , মাঠ পর্য্যায়ে

বাস্তবায়নের বর্তমান অবস্থা এবং সংশ্লিষ্ট বিভাগগুলির মধ্যে সমন্বয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় । আজকের সভায় অতিরিক্ত আয়ুক্ত নিলোৎপল পাঠক , লাইরহলু খেনতে , প্রমূখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------